দৈনিক খবর

তারিখ 05 OCT 1992
পৃষ্ঠা ৪ কলাম ৫

06

# লাইব্রেরী কমিটির বৈঠক

জাতীয় সংসদের লাইব্রেরী কমিটি'র দ্বিতীয় বৈঠক গত শনিবার সকালে সংসদ ভবনে অনুষ্ঠিত হয়। কমিটি'র ডেপুটি স্পীকার হুমায়ুন খান পন্নী বৈঠকে সভাপতিত্ব করেন।

বৈঠকে সংসদ গ্রন্থাগারের সার্বিক উন্নয়ন এবং রেফারেন্সের জন্য বই পুস্তক ক্রয় খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি সম্পর্কিত বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়।

বৈঠকে কমিটির যেসব সদস্য উপস্থিত ছিলেন তাঁরা হলেন মাওলানা আতাউর রহমান খান, ডঃ আবদুল মঈন খান, অধ্যাপক মোঃ রেজাউল করিম, মোঃ সিরাজুল ইসলাম, আবুল কালাম আজাদ, বেগম মতিয়া চৌধুরী, এবাদুর রহমান চৌধুরী ও ডাঃ এ কে এম আমজাদ। তথ্যবিবরণী।